

মিডিয়া বিজ্ঞপ্তি

ফয়সাল খান বিপ্লার'র নতুন প্রেসিডেন্ট



ফটো ক্যাপশন : ফয়সাল খান, সামিট গ্রুপের ডিরেক্টর, বাংলাদেশ ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার অ্যাসোসিয়েশন (বিপ্লার) নবনির্বাচিত প্রেসিডেন্ট।

(ঢাকা) ২৬ই ডিসেম্বর, ২০২২: ফয়সাল খান, সামিট গ্রুপের ডিরেক্টর, আগামী দুই বছরের জন্য বাংলাদেশ ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার অ্যাসোসিয়েশনের (বিপ্লার) প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন।

“বিপ্লার এমন একটি এসোসিয়েশন যারা বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য অত্যাবশ্যিকীয়। সেজন্য বিপ্লার নেতৃত্ব দেওয়া আমার জন্য একটি বিশেষ সম্মান। আমাদের সদস্যরা বিদ্যুৎ খাতে উল্লেখযোগ্য বিনিয়োগ করে আসছেন এবং জাতীয় গ্রিডে ৫০%-এরও বেশি বিদ্যুৎ সরবরাহ করেন।”, বলেন বিপ্লার নবনির্বাচিত প্রেসিডেন্ট ফয়সাল খান।

তিনি আরো বলেন, “ইউরোপে যুদ্ধের কারণে সৃষ্ট বর্তমান অর্থনৈতিক সংকট কাটিয়ে উঠতে, আমি বিপ্লার সদস্যগণ, মন্ত্রণালয়, বিপিডিবি সহ সকল অংশীদারদের সাথে নিয়ে একত্রে কাজ করতে চাই। এই কঠিন

সময়ে, বিপ্লা জোর দেবে জ্বালানি সক্ষমতা এবং সদ্যবহারের মাধ্যমে বাংলাদেশের প্রতিটি ঘরে ও শিল্প সংস্থানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে যেতে।'

তাঁর পূর্বসূরী ইমরান করিম, কনফিডেন্স গ্রুপের ভাইস চেয়ারম্যান তাঁকে স্বাগত জানান। অন্যান্য নবনির্বাচিত পরিচালনা পর্ষদ হলেন: মো.আব্দুর রাজ্জাক রুহানী (ভাইস-প্রেসিডেন্ট- অর্থ ব্যবস্থাপনা), খালিদ ইসলাম (ভাইস-প্রেসিডেন্ট), ইঞ্জি: মোঃ মোজাম্মেল হোসেন (ভাইস-প্রেসিডেন্ট), মঞ্জুর কাদির শাফি, ইঞ্জি: এস এম নূর উদ্দিন, সালমান ওবায়দুল করিম, গোলাম রব্বানী চৌধুরী, মোঃ রুবাইয়াত রুবায়েত তানভীর, সালমান করিম এবং মাবরুর হোসেন প্রমুখ।

শিক্ষায় ফয়সাল খান একজন ইঞ্জিনিয়ার এবং পরে তিনি স্বনামধন্য লন্ডন বিজনেস স্কুল থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন। বর্তমানে তিনি বাংলাদেশ এনার্জি সোসাইটির একজন প্রতিষ্ঠাতা-সদস্য এবং এর পাশাপাশি বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর একজন কার্যনির্বাহী কমিটির সদস্য পদে যুক্ত আছেন।

বাংলাদেশের ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস এসোসিয়েশন (বিপ্লা) সম্পর্কিত তথ্যাদি: বাংলাদেশের ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস এসোসিয়েশন (বিপ্লা) মোট ৫৭টি স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠানের সমন্বয়ে ২০১৪ সালে গঠিত হয়। এটি মূলত স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি (IPP) প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিত্বকারি সংস্থা। বিপ্লা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য টেকসই বিদ্যুৎ উৎপাদন ও নিরবচ্ছিন্ন সরবরাহে প্রতিশ্রুতিবদ্ধ।

বিস্তারিত তথ্যের জন্য: আব্দুল হালিম |সেক্রেটারি জেনারেল, বিপ্লা| E: halim56sq@gmail.com

M: +88 017153416761 | www.bippabd.org